

ত্রিপুরা সরকার
উপজাতি কল্যাণ দপ্তর

Pre-Matric ও Post-Matric Scholarship সম্পর্কিত বিজ্ঞপ্তি
(২০১৮-১৯ ইং শিক্ষাবর্ষের জন্য)

এতদ্বারা উপজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে রাজ্যে ও বহিঃরাজ্যে পাঠরত উপজাতি ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, যেসকল ছাত্র-ছাত্রীরা ২০১৮-১৯ ইং শিক্ষাবর্ষে Pre-Matric ও Post-Matric Scholarship এর জন্য আবেদন online এ National Scholarship Portal এর মাধ্যমে আবেদন করেছেন এবং যাদের আবেদনপত্র State Level এ Verification হয়েছে কিন্তু Bank Account সম্পর্কিত তথ্য ভুল থাকার কারণে Scholarship এর টাকা এখনো পান নাই, সেই সকল ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে Bank Account সম্পর্কিত তথ্য সংশোধন করার জন্য National Scholarship Portal এ এককালীন সুযোগ দেওয়া হয়েছে।

এইরকম সকল ছাত্র-ছাত্রীদের নামের তালিকা উপজাতি কল্যাণ দপ্তরের website (<http://twd.tripura.gov.in>) এ দেওয়া আছে এবং তাদের অনুরোধ করা হচ্ছে যে তারা যেন আগামী ১৫ই ডিসেম্বর ২০১৯ ইং তারিখের মধ্যে National Scholarship Portal এ নিজ নিজ User ID ব্যবহার করে দরখাস্তের মধ্যে Bank Account সম্পর্কিত তথ্য সংশোধন করে নেন।

এই মর্মে উল্লেখ থাকে যে নির্ধারিত সময়ের মধ্যে online আবেদনপত্রে ভুল Bank Account সম্পর্কিত তথ্য সংশোধন না করলে তার দায় ছাত্র-ছাত্রীদের এবং পরবর্তী সময়ে কোন ছাত্র-ছাত্রী ২০১৮-১৯ ইং শিক্ষাবর্ষের জন্য Scholarship না পাইলে উপজাতি কল্যাণ দপ্তর দায়ী থাকিবে না।

স্বাক্ষর



অতিরিক্ত অধিকর্তা

উপজাতি কল্যাণ দপ্তর